

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর
জুডিসিয়াল মুন্সিখানা শাখা
www.gazipur.gov.bd

অতীব জরুরী

নম্বর: ০৫.৪১.৩৩০০.০১৪.১৪.০০৭.২৪.১০২০

তারিখ: ২৬ কার্তিক ১৪৩১
১১ নভেম্বর ২০২৪

বিষয়: ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে শহীদদের চূড়ান্ত তালিকা সংক্রান্ত গণবিজ্ঞপ্তি বহল প্রচারের ব্যবস্থাকরণ।

সূত্র: জনাব খন্দকার জহিরুল ইসলাম, দলনেতা (অতিরিক্ত সচিব), গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকার জুলাই-আগস্টের ঐতিহাসিক ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে শহীদদের চূড়ান্ত তালিকা প্রণয়ন করতে 'গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল' গঠন করেছে। ইতোমধ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক সরকারি-বেসরকারি হাসপাতাল ও জেলা কমিটির মাধ্যমে প্রাপ্ত শহীদদের তালিকা www.hsd.gov.bd এবং www.dghs.gov.bd ওয়েবপেজ দুটিতে প্রকাশ করা হয়েছে।

গণঅভ্যুত্থানকালীন ১৫ জুলাই ২০২৪ হতে ৫ আগস্ট ২০২৪ তারিখের মধ্যে ছাত্র-জনতার আন্দোলনে সম্পৃক্ত হয়ে নিহত বা নিখোঁজ হয়েছেন বা বেওয়ারিশ লাশ হিসেবে দাফন করা হয়েছে বা আহত হয়ে চিকিৎসাধীন থাকাবস্থায় মারা গিয়েছেন বা আন্দোলনে সম্পৃক্ত থেকে অন্য কোন ভাবে মৃত্যুবরণ করেছেন কিন্তু উল্লিখিত তালিকায় নাম অন্তর্ভুক্ত হয়নি এমন ব্যক্তির নাম তালিকাভুক্তির জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে।

উল্লেখ্য যে, সংশ্লিষ্ট মৃত/নিখোঁজ ব্যক্তির জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধন সনদ, স্থায়ী ও বর্তমান ঠিকানা এবং উপযুক্ত প্রমাণকসহ তীর পরিবারের সদস্য বা আল্লীয়কে সংশ্লিষ্ট জেলা প্রশাসক অথবা বিশেষ সেল এ দলনেতা বরাবর আবেদন করতে হবে। আগামী ১২/১১/২০২৪ তারিখ হতে ২৪/১১/২০২৪ তারিখ পর্যন্ত আবেদন সংশ্লিষ্ট জেলা প্রশাসক অথবা সরাসরি-২য় তলা, ভবন নং-২, বিএসএল অফিস কমপ্লেক্স (হোটেল ইন্টারকন্টিনেন্টাল), ১ মিন্টু রোড, ঢাকা-১০০০ এ ঠিকানায় পাঠানো যাবে। তবে, ই-মেইলে আবেদন muspecialcell36@gmail.com ঠিকানায় পাঠাতে হবে।

এমতাবস্থায়, গণবিজ্ঞপ্তি জরুরি ভিত্তিতে প্রিন্ট/ইলেকট্রনিক মিডিয়ায় বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


সালমা খাতুন

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
গাজীপুর

ফোন: ০২-৪৯২৭৩০১০

E-mail: adm gazipur2015@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)


- ১। উপজেলা নির্বাহী অফিসার, গাজীপুর সদর/কালীগঞ্জ/কাপাসিয়া/শ্রীপুর/কালিয়াকৈর, গাজীপুর
- ২। জেলা তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, গাজীপুর
- ৩। সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর (গণবিজ্ঞপ্তি ওয়েবপোর্টালে আপলোডের অনুরোধসহ)

নম্বর: ০৫.৪১.৩৩০০.০১৪.১৪.০০৭.২৪.১০২০

তারিখ: ২৬ কার্তিক ১৪৩১
১১ নভেম্বর ২০২৪

অনুলিপি: সদয় অবগতির জন্য-

- ০১। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
- ০২। সহকারী কমিশনার (গোপনীয়), গাজীপুর (বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, গাজীপুর মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৩। অফিস কপি


সালমা খাতুন
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
গাজীপুর